রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মে ১৯, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ০২ জ্যৈষ্ঠ ১৪২৬/১৬ মে ২০১৯

নম্বর: ০৪.০০.০০০০.৬১১.০৬.০০২.১৯.১৪৪—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ ২০৩০ অর্জন নিশ্চিতকল্পে বিভাগীয় পর্যায়ে সরকারি দপ্তর, বেসরকারি সংস্থা এবং ব্যক্তিখাতে পরিচালিত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন ও সমন্বয়ের জন্য **'টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ (SDGs) বাস্তবায়ন ও সমন্বয় সম্পর্কিত বিভাগীয় কমিটি'** নিম্নরূপে গঠন করেছে:

(ক) **কমিটির গঠন:**

| | | | |
|---|---|---|---|
| (১) | বিভাগীয় কমিশনার | : | সভাপতি |
| (২) | বিভাগীয় পর্যায়ে অবস্থিত মন্ত্রণালয়/বিভাগসমূহের আওতাধীন দপ্তর/ সংস্থা/কার্যালয়-এর প্রধানগণ | : | সদস্য |
| (৩) | জেলা প্রশাসক (সকল) | : | সদস্য |
| (৪) | ব্যবসায়ী ও পেশাজীবী সংগঠন-এর প্রতিনিধি, ২ (দুই) জন পুরুষ ও ২ (দুই) জন মহিলা (সভাপতি কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| (৫) | এনজিও ও সুশীল সমাজের প্রতিনিধি, ২ (দুই) জন পুরুষ ও ২ (দুই) জন মহিলা (সভাপতি কর্তৃক মনোনীত) | : | সদস্য |

(৬) প্রান্তিক ও পশ্চাৎপদ জনগোষ্ঠী (যেমন- প্রতিবন্ধী সংগঠন, ক্ষুদ্র জাতিসত্তা, নৃ-গোষ্ঠী)-এর প্রতিনিধি, ১ (এক) জন পুরুষ ও ১ (এক) জন মহিলা (সভাপতি কর্তৃক মনোনীত) : সদস্য

(৭) পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, বিভাগীয় কার্যালয় : সদস্য-সচিব

(খ) **কমিটির কার্যপরিধি :**

(১) বাংলাদেশের এসডিজি অগ্রাধিকার তালিকাকে প্রাধান্য দিয়ে, এসডিজি বাস্তবায়নে জাতীয় কর্মপরিকল্পনা ও স্থানীয়করণ সংক্রান্ত নীতিমালা অনুসরণ;

(২) বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে এসডিজি বাস্তবায়নের লক্ষ্যে কর্মপরিকল্পনা প্রণয়নে সহায়তা প্রদান ও সমন্বয় সাধন;

(৩) এসডিজি অগ্রাধিকার তালিকা অনুযায়ী অর্জিত অগ্রগতির বিষয়ে মাসিক সভা আহবান এবং এর বাস্তবায়ন অগ্রগতি মন্ত্রিপরিষদ বিভাগ ও এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক-কে অবহিতকরণ;

(৪) জেলা পর্যায়ের অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনা ও বিশ্লেষণপূর্বক জেলা এসডিজি বাস্তবায়ন ও সমন্বয় কমিটিকে প্রয়োজনানুযায়ী নির্দেশনা প্রদান;

(৫) এনজিওসমূহের এসডিজি বিষয়ক কর্মপরিকল্পনাসমূহের সমন্বয় সাধন, বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান ও পরিবীক্ষণ ;

(৬) বিভাগের আওতাধীন সকল এসডিজি বাস্তবায়ন কার্যক্রম সমন্বয় সাধন ও পরিবীক্ষণ; ও

(৭) এসডিজি বিষয়ক বিভিন্ন ওয়ার্কশপ, সেমিনার, প্রশিক্ষণের আয়োজন ও সমন্বয় সাধন;

(গ) কমিটি প্রয়োজনে অন্য কোনো ব্যক্তি/কর্মকর্তাকে সদস্য হিসাবে কো-অপ্ট করতে পারবে।

(ঘ) কমিটির সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**ড. আবু সালেহ্ মোস্তফা কামাল**
যুগ্মসচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ৯৫৭১৬০০
e-mail: js_economic@cabinet.gov.bd

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd